



ALL INDIA BSNL-DOT PENSIONERS' ASSOCIATION

WEST BENGAL CIRCLE

20A, ADWAITA MALLICK LANE, KOLKATA-700 006

[Registered No. S/68836/2010]

President

Dipak Mitra
9433040708

Circle Secretary

Susanta Ghosh
9434321800

Treasurer

Prasanta Nandi
9433049318

Asst Circle Secretary

Pijush Chakraborty
9432455222

Ref: AIBDPA/Circular/7

Date:26.08.11

সাকুলার

প্রিয় কমনরেড,

গত ১৮ এবং ১৯শে আগস্ট ২০১১ কলকাতায় কেন্দ্রীয় এক্সিকিউটিভ কমিটির (CEC) সভা সাফল্যের সাথে অনুষ্ঠিত হয়েছে। উদ্বোধনী সমাবেশে ব্যাপক সংখ্যায় পেনসনার্স বন্ধুগণ সমবেত হয়েছিলেন। যে সমস্ত জেলা কমিটি গঠিত হয়েছে তার মধ্যে দুটি ছাড়া (কুচবিহার ও সিউড়ি) বাকি সব জেলা কমিটির পক্ষ থেকে সদস্যরা হাজির ছিলেন। উদ্বোধনী সমাবেশ হয়েছিল সিটিও টেলিকম ইনস্টিটিউট হলে ১৮ই আগস্ট। সভাকক্ষ কানায় কানায় ভর্তি হয়ে সংলগ্ন প্রশস্ত করিডরটিতেও প্রচুর মানুষের সমাগম হয়। সকলকে সার্কেল কমিটির পক্ষ থেকে অভিনন্দন জানাচ্ছি।

১৯শে আগস্ট সাবজেক্ট কমিটির সভা হয় কেজি বোস স্মৃতি ভবনে। বক্তারা মৌলিক বিষয় সহ স্ব স্ব সমস্যা তুলে ধরেন। আলোচনা খুবই প্রাণবন্ত হয়। কলকাতা ও পশ্চিমবঙ্গের প্রতিনিধিরা পশ্চিমবাংলার পরিস্থিতি ব্যাখ্যা করার পর অন্যান্য প্রদেশ থেকে আসা প্রতিনিধিরা জানান যে তারা পশ্চিমবাংলার বর্তমান পরিস্থিতি সম্পর্কে ওয়াকিবহাল। কোন কোন প্রতিনিধি জানান যে শ্রমিক কর্মচারীদের উপর এই আক্রমণের প্রতিবাদে তারা তাদের অঞ্চলে কর্মসূচীতে সামিল হয়েছেন। এই সভা থেকে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:-

- আগামী ১৯শে সেপ্টেম্বর ২০১১ দেশব্যাপী “প্রতিবাদ দিবস” পালন করা হবে। বিষয়ঃ পেনসন রিভিশন সহ বকেয়া দাবীসমূহ আদায় এবং মূল্যবৃদ্ধি, দুর্নীতি, বিএসএনএল কে রুগ্ন করার কেন্দ্রীয় সরকারের নীতির বিরুদ্ধে।
- ৬ই নভেম্বর ২০১১ থেকে সপ্তাহব্যাপী প্রচার অভিযান এবং ১৫ই সেপ্টেম্বর ২০১১ ধর্না কর্মসূচী পালন করতে হবে।
- সদস্য সংগ্রহ অভিযান চালু রাখতে হবে এবং সংখ্যাবৃদ্ধি করতে হবে।
- ২২শে জুলাই এর জাতীয় কনভেনশন থেকে সিদ্ধান্ত অনুসারে পি এফ আর ডি এ বিলের বিরুদ্ধে পেনসনার, কর্মচারী সহ সাধারণ মানুষকে সামিল করে গণস্বাক্ষর অভিযান সফল করতে হবে।
- সদস্যপ্রতি ৫০০ টাকা এককালীন ডোনেশন সংগ্রহ করতে হবে। সি এইচ কিউ-১০০ টাকা, সার্কেল-২০০ টাকা এবং জেলা-২০০ টাকা এই হারে বন্টিত হবে।
- মুখপত্র টেলিপেনসনার্স এর গ্রাহকসংখ্যা বৃদ্ধি করতে হবে।
- সংসদ অভিযানের দিনক্ষণ চূড়ান্ত হলে জানানো হবে।

রাজ্যের সিদ্ধান্তঃ-

- গত ১৮ই আগস্ট ২০১১ শ্রমিক কর্মচারী শিক্ষকদের রাজ্য কনভেনশনের সিদ্ধান্ত অনুসারে সর্বত্র (জেলা সহ) পি এফ আর ডি এ বিলের প্রতিবাদে আগামী ৬ই সেপ্টেম্বর ২০১১ মিছিল সমাবেশ করতে হবে। কলকাতার বিবাদী বাগ সংলগ্ন ট্রাম কোম্পানীর সামনে জমায়েত হয়ে মিছিল শুরু হবে। মূল সমাবেশ হবে রাণী রাসমনি রোডে। প্রস্তুতি গড়ে তুলুন।
- পেনসন সংশোধনের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সাংগঠনিক চাপ অব্যাহত রাখতে হবে।
- বিভিন্ন জেলা থেকে যে সব সমস্যাগুলি সার্কেলে এসেছে সেগুলির সমাধানে সার্কেল সংগঠন তদ্বির করছে।

এই সাথে সি ই সি র রিপোর্ট প্রস্তাব
এক সি এইচ কিউ এর সাকুলার পাঠানো হল।

অভিনন্দন সহ
সুশান্ত ঘোষ
প্রাদেশিক সম্পাদক